

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 10-12-2025

Time: 1.40 PM

বিশেষ বিশেষ খবর –

১/ SIR প্রক্রিয়ায় নজরদারি আরও বাড়াতে পশ্চিমবঙ্গের ৫টি ডিভিশনের জন্য নির্বাচন কমিশন নিযুক্ত স্পেশাল রোল অবজার্ভাররা, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের পৌরোহিত্যে CEO দপ্তরে যোগ দিয়েছেন এক পর্যালোচনা বৈঠকে। # এদিকে, SIR-এর অগ্রগতি পর্যালোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ ৬ জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসছেন।

২/ আন্তর্জাতিক স্পেস স্টেশন ফেরত প্রথম ভারতীয় মহাকাশচারী গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা আজ শহরে এসেছেন। মহাকাশ থেকে ফেরার পর এটিই তাঁর প্রথম কলকাতা সফর।

৩/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদযাপিত হচ্ছে।

৪/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারত এমন এক রাষ্ট্র হিসেবে নিজেকে গড়ে তুলতে বদ্ধপরিকর, যেখানে মানবাধিকার শুধুমাত্র সুরক্ষিত নয়, নাগরিকরা তা' পূর্ণমাত্রায় উপভোগ করতে পারেন।

৫/ শহর কলকাতার রুফটপ রেস্টোরাণ্টলো সরকারের অগ্নি নির্বাপন ব্যবস্থা সংক্রান্ত SOP মেনে চলছে কিনা, কলকাতা পুরসভা তা' খতিয়ে দেখছে।

SIR প্রক্রিয়ায় নজরদারি আরও বাড়াতে পশ্চিমবঙ্গের ৫ টি ডিভিশনের জন্য নির্বাচন কমিশন নিযুক্ত স্পেশাল রোল অবজার্ভাররা, এ রাজ্যে এসেছেন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের পৌরোহিত্যে CEO দপ্তরে তাঁরা যোগ দিয়েছেন এক পর্যালোচনা বৈঠকে।

আমাদের প্রতিনিধি জানাচ্ছেন-

(ভিসি- অভিরূপ)

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা SIR-এর অগ্রগতি পর্যালোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ ৬ জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসছেন। বিকেল চারটেয় ওই বৈঠকে কলকাতা উত্তর ও দক্ষিণ, হাওড়া, নদীয়া, , এবং , উত্তর ও দক্ষিণ ২৪ পরগনার জেলা নির্বাচনী আধিকারিকদের উপস্থিত থাকার কথা।

ওই বৈঠকে এরাজ্যের জন্য স্পেশাল রোল অবজারভার সুব্রত গুপ্ত, প্রেসিডেন্সি বিভাগের জন্য নিয়োজিত স্পেশাল রোল অবজারভার Kumar Ravi Kant Singh এবং সংশ্লিষ্ট জেলাগুলির ইলেক্টোরাল রোল অবজারভাররা উপস্থিত থাকবেন।

BLO অ্যাপে একটি নতুন সংযোজন হয়েছে। BLO-BLA-MOM নামে নতুন এই সংযোজন, মূলতঃ রাজনৈতিক দলের প্রতিনিধিদের নির্ভুল ভোটার তালিকা তৈরির দায়বদ্ধতা বাড়ানোর লক্ষ্যে বলে কমিশন সূত্রে জানা গেছে।

এদিকে, এতো দেরী করে কেনো এই সংযোজন, সে ব্যাপারে প্রশ্ন তুলেছেন ভোটকর্মী ও BLO ঐক্যমঞ্চ। মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল বলেছেন, এথেকেই বোঝা যাচ্ছে, নির্বাচন কমিশন এর জন্য প্রস্তুতি ছিলো না।

SIR প্রক্রিয়ায় শৃঙ্খলাভঙ্গ ও অনিয়মের অভিযোগে নির্বাচন কমিশন দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর পূর্ব বিধানসভা কেন্দ্রের এক ERO ও AERO এবং দুই BLO-কে কারণ দর্শানোর নোটিশ পাঠিয়েছে। ৪৮ ঘণ্টার মধ্যে জবাব চেয়েছে কমিশন। জবাব সন্তোষজনক না হলে দোষী আধিকারিকদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হতে পারে। অবহেলা ও অনিয়ম প্রমাণিত হলে গাফিলতির অভিযোগে FIR'ও দায়ের করা হতে পারে বলে কমিশন সূত্রে জানা গেছে।

আধার কর্তৃপক্ষ ও রেজিস্ট্রার জেনারেল অফ ইন্ডিয়া থেকে পাওয়া মৃত ভোটারদের তথ্য বিশ্লেষণ করে নির্বাচন কমিশন এসআইআর প্রক্রিয়ার আরও কঠোর পর্যবেক্ষণ শুরু করেছে। ওই তালিকা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে পৌঁছেলে, কমিশন তা বুথ লেভেল আধিকারিকদের মাধ্যমে খতিয়ে দেখার'ও নির্দেশ দিয়েছে। মৃত বলে চিহ্নিত প্রতিটি ভোটারের নামে কোনও অনুমারেশন ফর্ম বিতরণ করা হয়েছিল কি না, এবং সেই ফর্ম জমাও পড়েছে কি না তা ভালোভাবে খতিয়ে দেখা নির্দেশ দেয়া হয়েছে।

মৃত ভোটারের নামে ফর্ম জমা পড়ে থাকলে তা কীভাবে জমা পড়ল, কারা জড়িত—এসব নিয়েও আলাদা করে তদন্তের প্রস্তুতি নিয়েছে কমিশন।

সোনাগাছির পর এনিউমারেশন ফর্ম পূরণ এবং ভোটার তালিকায় নাম তোলার কাজে সহায়তা করতে শহরের আরো দুই যৌনপল্লীতে বিশেষ শিবিরের আয়োজন করতে চলেছে নির্বাচন কমিশন। খিদিরপুর এবং কালীঘাটের দুই যৌন পল্লীতে আজ এই শিবিরের আয়োজন করা হচ্ছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। কলকাতা দক্ষিণ নির্বাচনী জেলার জেলা নির্বাচনী আধিকারিককে ওই শিবির আয়োজনের নির্দেশ দেওয়া হয়েছে বলে তিনি জানান।

খড়দহ বিধানসভার অন্তর্গত সূর্যসেন নগরে গতকাল রাতে সেখানকার বাসিন্দা বিএল ও মানব চন্দ্র এর বাড়িতে ভাঙচুর চালায় কিছু দুষ্কৃতী। এই ঘটনায় খড়দহ থানায় অভিযোগ জানান বি এল ও মানব চন্দ্র। এস আই আর এর কাজ প্রায় শেষ হয়ে এলেও তার বাড়িতে কেন এরকম আক্রমণ হলো তা নিয়েই যথেষ্ট আতঙ্কে রয়েছেন বি এল ও মানব চন্দ্র ।। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ ।

এস আই আর আবহে নদিয়ায় ফের ভোটার কার্ড উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। শান্তিপুর থানার উদয়পুর এলাকায় ১২ নম্বর জাতীয় সড়কের পাশে বস্তাবন্দী ভোটার কার্ড উদ্ধার হয়।

ওই কার্ড গুলি উত্তর ২৪ পরগণার স্বরূপনগর ও বসিরহাটের বলে পুলিশ সূত্রে জানা গেছে। পুলিশ সেগুলি উদ্ধার করে নিয়ে যায়।

আন্তর্জাতিক স্পেস স্টেশন ফেরত প্রথম ভারতীয় মহাকাশচারী গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা আজ শহরে এসেছেন। মহাকাশ থেকে ফেরার পর এটিই তাঁর প্রথম কলকাতা সফর। ইন্ডিয়ান সেন্টার ফর স্পেস ফিজিক্সে বেলা ১২টা নাগাদ পৌঁছান তিনি। সেখানে তাকে স্বাগত জানাতে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের অধিকর্তা বিজ্ঞানী ড সন্দীপ চক্রবর্তী। ক্যাপ্টেন শুভাংশু শুক্লা প্রথমেই ইন্ডিয়ান সেন্টার ফর স্পেস ফিজিক্সের মিউজিয়ামে নিজের নামাঙ্কিত প্যাভিলিয়নের উদ্বোধন করেন। এরপর মিউজিয়াম ঘুরে দেখেন।

তিনি বলেন- (বাইট- শুভাংশু)

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্বজুড়ে আজ আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদযাপিত হচ্ছে। মানুষের মৌলিক অধিকারকে সর্বজনীন ভাবে সুরক্ষিত করা ও বাস্তবায়িত করার লক্ষ্যে দিনটি উদযাপিত হয়ে থাকে। রাষ্ট্রসংঘ সাধারণ পরিষদ ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর দিনটিকে মানবাধিকার দিবস হিসেবে ঘোষণা করে। এরা জ্যে' ও আজ নানা অনুষ্ঠানে দিনটি উদযাপিত হচ্ছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারত এমন এক রাষ্ট্র হিসেবে নিজেকে গড়ে তুলতে বদ্ধপরিকর, যেখানে মানবাধিকার শুধু মাত্র সুরক্ষিত নয়, নাগরিকরা তা' পূর্ণমাত্রায় উপভোগ করতে পারেন। তিনি আজ নতুন দিল্লিতে 'মানবাধিকার দিবস' উপলক্ষ্যে এক জাতীয় সম্মেলনে ভাষণ দিচ্ছিলেন।

(বাইট- রাষ্ট্রপতি)

দৈনিক অত্যাৱশ্যকীয় সুনিশ্চিত করার লক্ষ্যে আয়োজিত ওই জাতীয় সম্মেলনে রাষ্ট্রপতি জোর দিয়ে বলেন, কাউকে কারোর অধিকার থেকে বঞ্চিত করা উচিত নয়। মর্যাদার সঙ্গেও কোনোৱকম আপোষ করা যায়না।

ভারতের অন্যতম প্রধান সাংস্কৃতিক ও আধ্যাত্মিক উৎসব 'দীপাবলি' আজ ইউনেস্কোর 'ইনট্যানজিবল কালচারাল হেরিটেজ অব হিউম্যানিটি' বা মানবজাতির অমূল্য সাংস্কৃতিক ঐতিহ্যের প্রতিনিধিত্বমূলক তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে। কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত বলেন, প্রতিটি ভারতীয়ের জন্য এটি এক আবেগঘন মুহূর্ত। দীপাবলি কেবল উদযাপন নয়, এটি বেঁচে থাকার এক অনুভূতি যা প্রজন্মের পর প্রজন্ম ধরে হৃদয়ে স্থান করে নিয়েছে। এই স্বীকৃতি এক প্রাণবন্ত ঐতিহ্য হিসেবে দীপাবলিকে ভবিষ্যতেও উদযাপন করার দায়িত্ব সুনিশ্চিত করে বলে তিনি উল্লেখ করেন।

প্রত্নতাত্ত্বিক কালিদাস দত্তর ১৩১ তম জন্মবার্ষিকী আজ যথাযোগ্য মর্যাদায় পালন করা হচ্ছে। এই উপলক্ষে প্রত্নতাত্ত্বিক কালিদাস দত্ত স্মৃতি রক্ষা সমিতির উদ্যোগে আজ দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে জে এম ট্রেনিং স্কুলে, বিশিষ্টদের নিয়ে এক আলোচনা সভা ও পদযাত্রার আয়োজন করা হয়।

পাশাপাশি মজিলপুরে এই প্রত্নতাত্ত্বিকের বিক্রি হয়ে যাওয়া বাড়িটি হেরিটেজ ভবন ঘোষণার পরে সেটিকে অধিগ্রহণ করে সেখানে জেলার বিভিন্ন প্রান্ত থেকে সংগৃহীত পুরাকীর্তিগুলিকে নিয়ে একটি জেলা স্তরের সংগ্রহশালা তৈরীর জন্য সমিতির তরফে রাজ্য হেরিটেজ কমিশনের কাছে দাবি জানানো হয়েছে।

শহরের রুফটপ রেস্টোরাঁগুলো সরকার প্রদত্ত অগ্নিনির্বাপন ব্যবস্থা সংক্রান্ত এসওপি মেনে চলছে কিনা খতিয়ে দেখতে তৎপর হয়েছে কলকাতা পুরসভা। আজ থেকে মেয়র ফিরহাদ হাকিমের নেতৃত্বে পুরসভার বিভিন্ন বিভাগের আধিকারিক সহ কলকাতা পুলিশ ও দমকল বিভাগের আধিকারিকরা শহরের বেশ কিছু রুফটপ রেস্টোরাঁ ঘুরে দেখবেন বলে জানা গেছে। পরিস্থিতি খতিয়ে দেখে বিশেষজ্ঞ দল রিপোর্ট তৈরি করবে এবং পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

প্রসঙ্গত, পুজো মরশুমে ব্যবসায়ীদের কথা মাথায় রেখে একাধিক শর্ত মেনে রুফটপ রেস্টোরাঁগুলো খোলার অনুমতি দেওয়া হয়। পাশাপাশি, এসওপির সমস্ত নিয়ম কার্যকর করতে তিন মাসের সময়সীমা বেঁধে দেওয়া হয়েছিল।

উল্লেখ্য, রাস্তার দিকের অংশে রুফটপের ৫০% ফাঁকা রাখা, ব্যবহারের উপযোগী সিঁড়ি থাকা সহ একাধিক নিয়মের কথা এসওপি তে উল্লেখ করা হয়েছে।

আবহাওয়া দপ্তরের পূর্বাভাস মতোই সর্বনিম্ন তাপমাত্রা আজ বিশেষ হেরফের হয়নি। আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে একটু কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে প্রায় আড়াই ডিগ্রি কম। আগামী ৪/৫ দিন রাজ্যে সর্বত্রই আবহাওয়া শুষ্ক থাকবে তবে সকালের দিকে উত্তরবঙ্গে জেলাগুলিতে কুয়াশার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

মুর্শিদাবাদের ডোমকল ও রানীতলার পৃথক দুই এলাকা থেকে বিপুল পরিমাণে বোমা উদ্ধারের ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশ জানিয়েছে, আজ সকালে রানীতলার বাড়িয়ানগরে এক পুকুরের মধ্যে মজুত রাখা বোমার সন্ধান পায় পুলিশ, সেখান থেকে উদ্ধার হয় ৩০ টি সকেট বোমা। অন্যদিকে ডোমকলের মেহেদীপাড়ার এক বাশ ঝাঁড় থেকে গত রাতে ২৫ টি সকেট বোমা উদ্ধার করে পুলিশ।

মুর্শিদাবাদের পুলিশ সুপার কুমার সানি রাজ জানিয়েছেন, পুলিশের লাগাতার অভিযানে জেলার বিভিন্ন থানা এলাকায় গত দুমাসে প্রায় দুহাজারের বেশি বোমা উদ্ধার হয়েছে, গ্রেপ্তার হয়েছে ২১ জন।

জাল লটারি টিকিট বিক্রির অভিযোগে পুরুলিয়ার ২ জনকে গ্রেপ্তার করেছে CID । গতকাল ধৃতদের পুরুলিয়া জেলা আদালতে তোলা হলে চার দিনের সি আই ডি হেফাজত হয়। সূত্রের খবর সোমবার জয়পুর থানার চক বাজারে একটি লোটারির দোকানে হানা দিয়ে প্রচুর পরিমাণে জাল লটারির টিকিট সহ মন্টু মুদি ও তার ছেলে রাকেশ মুদিকে গ্রেফতার করা হয়। সম্প্রতি পার্শ্ববর্তী ঝাড়খন্ড সীমান্ত অঞ্চলের জাল লটারির টিকিট রাজ্যের একাধিক জেলা থেকে উদ্ধার হওয়ার ঘটনা লক্ষ্য করা গেছে।

পূর্ব বর্ধমান জেলা পুলিশ জাতীয় সড়কে লুটপাট চালানোর বড়সড় চক্রের হদিশ পেয়েছে। শক্তিগড় থানার পুলিশ, চক্রের পাঁচজনকে গ্রেফতার করেছে। ধৃতদের নাম মহম্মদ সাগির, জাবেদ আলি গাজি, আজম খান, খালেক লস্কর ও নূরউদ্দিন মোল্লা।
